গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**উপজেলা মৎস্য কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা**

**এবং**

**জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা**

**এর মধ্যে স্বাক্ষরিত**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**১ জুলাই, ২০২১ - ৩০ জুন, ২০২২**

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | |
| প্রস্তাবনা | |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব | |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | |
| সংযোজনী ১:  শব্দসংক্ষেপ | |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | |
| সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | |
| সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ | |
| সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | |
| সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | |
| সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২১-২২ | |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২০ অনুযায়ী দেশের মোট জিডিপি'র ৩.৫২ শতাংশ এবং কৃষিজ জিডিপি'র এক-চতুর্থাংশের বেশি (২৬.৩৭ শতাংশ) মৎস্যখাতের অবদান। আমাদের দৈনন্দিন খাদ্যে প্রাণিজ আমিষের প্রায় ৬০ ভাগ আসে মাছ থেকে। বিগত তিন অর্থবছরে (২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০) মোট মৎস্য উৎপাদন ছিল ৪২.৭৭, ৪৩.৮৪ ও ৪৫.০৩ লক্ষ মেট্রিক টন। বিগত তিন অর্থবছরে (২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০) ৬৮৯৩৫.৪৫, ৭৩১৭১.৩২ ও ৭০৯৪৫.৩৯ মে.টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে যথাক্রমে ৪২৮৭.৬৪, ৪৩০৯.৯৪ ও ৪২৫০.৩১, ৩৯৮৫.১৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ উৎপাদন ও বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৩য় ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০১৮)। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির হারে সারা বিশ্বে বাংলাদেশের অবস্থান দ্বিতীয় (এফএও, ২০২০)।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- পানি প্রবাহ হ্রাস এবং পলি জমার কারণে মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র বাধাগ্রস্ত হওয়া;
- গলদা ও বাগদা চাষের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও ভাইরাসমুক্ত পিএল এবং মানসম্পন্ন খাদ্যের অভাব;
- জেলেদের মাছ ধরা নিষিদ্ধ মৌসুমে বিকল্প জীবিকায়ন সহায়তার অভাব;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নির্ণয়, স্থায়িত্বশীল আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

সমৃদ্ধির অগ্রযাত্রায় অপ্রতিরোধ্য বাংলাদেশ শীর্ষক সরকারের নির্বাচনী ইশতেহার, উন্নয়ন দর্শন রূপকল্প ২০২১, ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে উন্নীতকরণ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে:

- চাষকৃত মাছের উৎপাদন ২০১৯-২০ সালের (২৫.৮৩ লক্ষ মে.টন) তুলনায় ১২.৫০ শতাংশ এবং মোট মাছের উৎপাদন ১১ শতাংশ বৃদ্ধি করা;
- ইলিশের উৎপাদন ২০১৯-২০ সালের (৫.৫০ লক্ষ মে.টন) তুলনায় শতাংশ এবং সামুদ্রিক মাছের উৎপাদন ১৫ শতাংশ বৃদ্ধি করা;
- দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৬৫ গ্রাম নিশ্চিত করা;
- হিমায়িত চিংড়ি, মাছ ও ভ্যালু অ্যাডেড মৎস্যপণ্য রপ্তানি ১.০০ লক্ষ মে.টনে উন্নীতকরণ;
- মৎস্য অভয়াশ্রম এলাকায় সংকটাপন্ন মৎস্য প্রজাতির সংখ্যা ৫০ শতাংশ বৃদ্ধি করা;
- বেকার যুবক ও যুবমহিলাদের জন্য অধিকতর কর্মসংস্থান সৃষ্টি ও মৎস্যচাষে ২০-২৫ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- মৎস্যচাষি/মৎস্যজীবীদের আয় ৩০ শতাংশ বৃদ্ধিকরণ; এবং
- দেশীয় ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহের ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ।
- মৎস্যচাষি/উদ্যোক্তা পর্যায়ে গুণগত মানসম্পন্ন মাছের পোনা ও খাদ্যের সরবরাহ নিশ্চিতকরণ;
- মৎস্যচাষ, সমাজভিত্তিক সংগঠন ও মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানায় মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধিকরণ;
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- নবাবগঞ্জ উপজেলাধীন ১৫ টি প্রদর্শনী মৎস্য খামার ও ০১ টি বিল নার্সারি স্থাপন, ০.২০ মে. টন পোনা মাছ অবমুক্তকরণ, এবং ০১ টি মৎস্য খাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও নবায়ন;
- দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলাধীন ১৭৫ জন মৎস্যচাষি/সুফলভোগী ও ০৫ জন মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান এবং মুজিব বর্ষ উপলক্ষে বছর ব্যাপী ০৫ টি বিশেষ মৎস্য সেবা প্রদান করা;
- উপজেলাধীন বেসরকারি হ্যাচারি সমূহের মাধ্যমে ১.২০ মে. টন রেণু উৎপাদন;
- মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে ২৫ টি অভিযান পরিচালনা করা;
- উপজেলাধীন ০১ টি অভয়াশ্রমের রক্ষনাবেক্ষণ ও মেরামত এবং
- এ সকল কার্যক্রমের মাধ্যমে ২০২১-২২ অর্থবছরে নবাবগঞ্জ উপজেলার মাছের উৎপাদন ৩৩১৮ মেট্রিক টনে উন্নীত করা।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা মৎস্য কর্মকর্তা, নবাবগঞ্জ

---------------------------------------------------------------------------------------------

এবং

জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা

---------------------------------------------------------------------------------------------

এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প

মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, দারিদ্র্য বিমোচন ও রপ্তানি আয় বৃদ্ধি।

### ১.২ অভিলক্ষ্য

মৎস্য ও চিংড়িসহ অন্যান্য জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং অভীষ্ট জনগোষ্ঠীর অংশগ্রহণে উন্মুক্ত জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে এক্ষেত্র হতে প্রাপ্ত সুফলের মাধ্যমে দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১) টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
২) স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা;
৩) মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহ; এবং
৪) দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

### সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)

- প্রাণিজ আমিষ সরবরাহের মাধ্যমে দেশের জনগণের পুষ্টি চাহিদা পূরণ;
- উদ্ভাবিত মৎস্য সম্প্রসারণ প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ;
- মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানির মাধ্যমে রপ্তানি আয় বৃদ্ধি;
- মৎস্যসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন;
- মৎস্যসম্পদ উন্নয়নে বিভিন্ন আইন, বিধি, নীতিমালা ও উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং হালনাগাদকরণ;
- ব্লু-ইকোনোমি ও সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে বিভিন্ন আইন, বিধি, নীতিমালা ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং হালনাগাদকরণ;
- মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গৃহীত কার্যক্রম পরিচালনা;
- মা ইলিশ ও জাটকা সংরক্ষণ কার্যক্রম পরিচালনা;
- মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন;
- মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন এবং মৎস্য খাদ্যের গুনগত মান নিয়ন্ত্রণ;
- মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের পরামর্শ প্রদান এবং মৎস্য খামার ব্যবস্থার উন্নয়ন; এবং
- মৎস্য আবাসস্থল উন্নয়ন এবং মৎস্য অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষনের মাধ্যমে বিলুপ্তপ্রায় মাছের প্রজাতি ও অন্যান্য জলজ জীববৈচিত্র সংরক্ষণ ও ব্যবস্থাপনা।

# সেকশন ২

## মৎস্য অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত** | | লক্ষ্যমাত্রা** ২০২১-২২ | প্রক্ষেপণ** | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০ | ২০২০-২১* | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | |
| মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ বৃদ্ধি | মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ | ওজন (গ্রাম/দিন) | ৬৩.০০ | ৬৫* | ৬৫.০০ | ৬৫.০০ | ৬৫.০০ | ভূমি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী সংস্থা | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাছের উৎপাদন বৃদ্ধি | মাছ উৎপাদনের পরিমাণ** | মে.টন | ৩১৬০ | ৩৩১৮ | ৩৪৮৩.৯০ | ৩৬৫৮.১০ | ৩৮৪১ | উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সমবায় অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রাণীসম্পদ অধিদপ্তর, স্থানীয় উন্নয়ন সহযোগী সংস্থা, । | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, এফআরএসএস |

* সাময়িক

** এই সেকশন ২ এর জন্য (প্রকৃত, লক্ষ্যমাত্রা, প্রক্ষেপণ ও মাছের উৎপাদনের পরিমাণ):

- উপজেলা মৎস্য দপ্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার মাছের উৎপাদনের পরিমান লিপিবদ্ধ করতে হবে;
- জেলা মৎস্য দপ্তরের ক্ষেত্রে জেলাধীন সংশ্লিষ্ট উপজেলাসমূহের মাছের উৎপাদনের পরিমান একীভূতকরে লিপিবদ্ধ করতে হবে;
- বিভাগীয় মৎস্য দপ্তরের ক্ষেত্রে বিভাগাধীন সংশ্লিষ্ট জেলাসমূহের মাছের উৎপাদনের পরিমান একীভূতকরে লিপিবদ্ধ করতে হবে;

# সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ** (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী, সর্বোচ্চ ৫টি) | | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৫ | [১.১] বিল নার্সারি স্থাপন | [১.১.১] স্থাপিত বিল নার্সারি | সমষ্টি | সংখ্যা | ৫ | ০.২ হে. | ০.২ হে. | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ | ০২ |
| | | [১.২] জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | সমষ্টি | পরিমাণ (মে.টন) | ৫ | ০.৩০ | ০.৩০ | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | ০.১২ | ০.২২ | ০.২৪ |
| | | [১.৩] জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত করা ও পরিচালনা | [১.৩.১] সংগঠিত মৎস্যজীবী দল | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | [১.৪] মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি /উদ্বুদ্ধকরণ | [১.৪.১] আয়োজিত সচেতনামূলক /উদ্বুদ্ধকরণ সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ০০ | ০০ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০০ | ০৫ | ০৬ |
| | | [১.৫] মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | [১.৫.১] স্থাপিত নতুন মৎস্য অভয়াশ্রম | সমষ্টি | সংখ্যা | ৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ | ০০ |
| | | | [১.৫.২] রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | সমষ্টি | সংখ্যা | ৪ | ০১ | ০১ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ | ০২ |
| | | [১.৬] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.৬.১] পরিচালিত অভিযান | সমষ্টি | সংখ্যা | ৩ | ২০ | ৩৫ | ২৫ | ২৩ | ২১ | ১৯ | ১৭ | ২৭ | ২৯ |
| [২] স্থায়িত্বশীল মৎস্যচাষ | ২৫ | [২.১] মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | সমষ্টি | সংখ্যা | ৫ | ০০ | ০০ | ১৫ | ১৩ | ১১ | ০৯ | ০৭ | ১৬ | ১৭ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| উন্নয়ন ও ব্যবস্থাপনা | | | [২.১.২] আয়োজিত মাঠ দিবস/মত বিনিময় সভা/সচেতনতামূলক সভা/ পরামর্শ দিবস | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০৩ | ০২ | ০১ | ০০ | ০০ | ০৪ | ০৫ |
| | | | [২.১.৩] আয়োজিত মৎস্য মেলা/ উদ্ভাবনী মেলা/ মৎস্যচাষি র‍্যালি | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ | ০১ |
| | | | [২.১.৪] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | | [২.১.৫] উৎপাদিত/সরবরাহকৃত এসপিএফ (SPF) চিংড়ি পিএল | সমষ্টি | সংখ্যা (কোটি) | - | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | [২.২] সী-উইড চাষ প্রযুক্তি সম্প্রসারণ (পাইলটিং) | [২.২.১] সম্প্রসারিত সী-উইড চাষ প্রযুক্তি | সমষ্টি | আয়তন (হেক্টর) | - | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | [২.৩] মৎস্য খামার যান্ত্রিকীকরণ | [২.৩.১] উন্নয়ন সহায়তা / চাষির নিজ উদ্যোগে স্থাপিত যন্ত্রপাতি | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ | ০০ |
| | | [২.৪] মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন | [২.৪.১] তৈরি/উন্নয়নকৃত মৎস্য/চিংড়ি উৎপাদনকারীদের সংগঠন | সমষ্টি | সংখ্যা | ১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | [২.৪.২] মাছ বাজারজাতকরণের জন্য পরিচালিত অনলাইন/গ্রোথ সেন্টারের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | ০০ | ০০ | ০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | [২.৬] মৎস্য খাদ্য ও উপকরণ ব্যবস্থাপনা | [২.৬.১] প্রদানকৃত/ নবায়নকৃত মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০২ | ০২ |
| | | | [২.৬.২] পরীক্ষিত মৎস্য খাদ্য নমুনা | সমষ্টি | সংখ্যা | ২ | ০৩ | ০৪ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০২ | ০২ |
| | | [২.৭] মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [২.৭.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ২০০ | ২১০ | ১৯০ | ১৭১ | ১৫২ | ১৩৩ | ১১৪ | ২০০ | ২১০ |
| | | [২.৮] হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন | [২.৮.১] উৎপাদিত রেণুর পরিমাণ | সমষ্টি | মে.টন | ২ | ০০ | ০০ | ১.২০ | ১.০৮ | ০.৯৬ | ০.৮৪ | ০.৭২ | ১.৩০ | ১.৪০ |
| | | [২.৯] বছর ব্যাপী বিশেষ মৎস্য সেবা প্রদান | [২.৯.১] প্রতি উপজেলায় প্রতি মাসে ১টি ইউনিয়নে পরিচালিত পরামর্শ সেবার দিন | সমষ্টি | সংখ্যা | ২ | ০৩ | ০৮ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৬ | ০৭ |
| [৩] মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের | ১০ | [৩.১] উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | [৩.১.১] মুদ্রিত লিফলেট / বুকলেট / পোস্টার | সমষ্টি | সংখ্যা | ৫ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিকব নিরাপদ খাদ্য সরবরাহ | | | [৩.১.২] আয়োজিত উদ্বুদ্ধকরণ/ সচেতনামুলক সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| [৪] দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১০ | [৪.১] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৫ | ০৫ |
| | | | [৪.১.২] আয়োজিত বিশেষ লার্নিং সেশন | সমষ্টি | সংখ্যা | ১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | [৪.২] মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগী | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | ৩২০ | ১৫৩ | ১৭৫ | ১৫৮ | ১৪০ | ১২৩ | ১০৫ | ১৮৫ | ১৯৫ |
| | | [৪.৩] মৎস্য বিষয়ক কারিগরি শিক্ষা বাস্তবায়ন | [৪.৩.১] মৎস্য অধিদপ্তরাধীন মৎস্য ডিপ্লোমা ইন্সটিটিউটে ভর্তিকৃত শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | [৪.৪] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [৪.৪.১] সম্পৃক্ত সুফলভোগী | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০২ | ০১ | ০০ | ০০ | ০০ | ০৩ | ০৩ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি **উপজেলা মৎস্য কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা; জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা** এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি **জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা; উপজেলা মৎস্য কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা** এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ------------------------------------------------ | ২৯.০৬.২০২২<br>---------------------------------- |
| **উপজেলা মৎস্য কর্মকর্তা** | তারিখ |
| **নবাবগঞ্জ, ঢাকা** | |

| | |
|---|---|
| ------------------------------------------------ | ২৯/০৬/২২<br>---------------------------------- |
| **জেলা মৎস্য কর্মকর্তা** | তারিখ |
| **ঢাকা** | |